তিন মডেলের আইফোন ব্যবহারকারীরা পাচ্ছেন ৩০ হাজার কোটি টাকা



ছবি: সংগৃহীত

আইফোনে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ফিচারের সক্ষমতা নিয়ে বিভ্রান্তিকর বিজ্ঞাপনের অভিযোগে দায়ের করা মামলা নিষ্পত্তিতে ২৫ কোটি ডলার, বাংলাদেশি মুদ্রায় প্রায় ৩০ হাজার কোটি টাকা ক্ষতিপূরণ দিতে সম্মত হয়েছে অ্যাপল। মার্কিন ভোক্তাদের করা মামলার সমঝোতার অংশ হিসেবে এই অর্থ দেওয়ার ঘোষণা দিয়েছে প্রতিষ্ঠানটি।

মামলায় অভিযোগ করা হয়, অ্যাপলের প্রচারে এআই সহকারী 'সিরি'র কয়েকটি সক্ষমতার কথা তুলে ধরা হলেও সেগুলো বাস্তবে পাওয়া যায়নি। এর ফলে বিজ্ঞাপনে দেখানো তথ্যের ওপর ভিত্তি করে ক্রেতারা আইফোন কিনতে উৎসাহিত হয়েছেন বলে অভিযোগ করা হয়েছে।

ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য গ্রাহকদের আবেদন প্রক্রিয়া ২১ সেপ্টেম্বর শুরু হবে এবং চলবে ২১ ডিসেম্বর পর্যন্ত। এ সময়ের মধ্যে নির্দিষ্ট ওয়েবসাইটে গিয়ে ক্ষতিপূরণের দাবি জানানো যাবে। একইসঙ্গে চাইলে গ্রাহকরা মামলা থেকে নিজেদের প্রত্যাহারও করতে পারবেন।

"ক্ষতিপূরণের আবেদন ও বিস্তারিত তথ্যের ওয়েবসাইট" (https://smartphoneaisettlement.com/?utm_source=chatgpt.com)

২০২৪ সালের ১০ জুন থেকে ২০২৫ সালের ২৯ মার্চের মধ্যে বিক্রি হওয়া আইফোন ১৬ সিরিজ, আইফোন ১৫ প্রো এবং আইফোন ১৫ প্রো ম্যাক্সের ক্রেতারা এই ক্ষতিপূরণের আওতায় থাকবেন। তবে যোগ্য হতে হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে ফোনটির প্রথম বা মূল মালিক হতে হবে এবং সেটি ব্যক্তিগত ব্যবহারের জন্য কেনা হতে হবে। যোগ্য গ্রাহকরা প্রতি ডিভাইসের জন্য ২৫ ডলার থেকে সর্বোচ্চ ৯৫ ডলার পর্যন্ত ক্ষতিপূরণ পেতে পারেন।

যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম ফক্স ফাইভ নিউইয়র্ক জানিয়েছে, ক্ষতিপূরণের আবেদন জমা দেওয়ার পর আদালতে এই সমঝোতা নিয়ে শুনানি হবে। সেখানে নিষ্পত্তিটি ন্যায্য, যুক্তিসংগত ও পর্যাপ্ত কি না, তা নির্ধারণ করা হবে। এ বিষয়ে আগামী বছরের ২৪ ফেব্রুয়ারি শুনানির দিন ধার্য করা হয়েছে।